হাদি হত্যার প্রতিবাদে জুমার পর সারাদেশে বিভিন্ন জায়গায় বিক্ষোভ



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরীফ ওসমান হাদিকে প্রকাশ্যে গুলি করে হত্যার ঘটনায় দেশজুড়ে ক্ষোভ ছড়িয়ে পড়েছে। এ হত্যাকাণ্ডের প্রতিবাদ এবং জড়িতদের দ্রুত গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক বিচারের দাবিতে জুমার নামাজের পর রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হচ্ছে।

দুপুরে নামাজ শেষে রাজধানীর শাহবাগ ও বায়তুল মোকাররম মসজিদ এলাকা বিক্ষোভে মুখর হয়ে ওঠে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ থেকে শিক্ষার্থী ও সাধারণ মানুষ দলে দলে বের হয়ে শাহবাগে অবস্থান নেন। তারা স্লোগানের মাধ্যমে হত্যাকাণ্ডের ন্যায়বিচার ও নিরাপদ রাষ্ট্রব্যবস্থার দাবি জানান।

একই দাবিতে গাজীপুর চৌরাস্তায় শিক্ষার্থী ও জনতার বিক্ষোভে ঢাকা–ময়মনসিংহ মহাসড়কে সাময়িক অবরোধ সৃষ্টি হয়। এতে ওই সড়কে যান চলাচলে কিছু সময়ের জন্য বিঘ্ন ঘটে। এদিকে রংপুরে জুলাই স্মৃতিস্তম্ভের সামনে আয়োজিত প্রতিবাদ সমাবেশে অংশগ্রহণকারীরা হত্যার নিন্দা জানিয়ে দ্রুত বিচার কার্যক্রম শুরু করার আহ্বান জানান।

এর আগে বেলা ১১টার দিকে শরীফ ওসমান হাদির গায়েবানা জানাজা অনুষ্ঠিত হয়। জানাজা শেষে বিক্ষোভকারীদের একাংশ প্রধান উপদেষ্টার কার্যালয়ের দিকে অগ্রসর হওয়ার চেষ্টা করলে হোটেল ইন্টারকন্টিনেন্টালের সামনে পুলিশি ব্যারিকেডের মুখে পড়েন তারা। পরে পরিস্থিতি বিবেচনায় বাংলামোটর হয়ে পুনরায় শাহবাগ এলাকায় অবস্থান নেন বিক্ষোভকারীরা।

উদ্ভূত পরিস্থিতিতে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) তাদের পূর্বঘোষিত শাহবাগ কর্মসূচি স্থগিত করেছে। দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম শান্তিপূর্ণ কর্মসূচি পালনের আহ্বান জানিয়ে বলেন, যেকোনো আন্দোলনে সংযম ও দায়িত্বশীলতা বজায় রাখা জরুরি।